

উষ্ণায়ণ (Global Warming)

Written by - Debashis Chakraborty
Illustration by - Anandajit Goswami

মনের সুখে ছাড়ছ কালো ধোঁয়া,
ভরছ বাতাস কার্বনেরই বিষে -
সবুজ পাতায় লাগছে ধূসর ছোঁয়া,
ফুসফুসটা মরছে যাঁতায় পিষে!



পরিবেশ কি আমারই মাথাব্যথা?
তোমার তাতে নেইকো কোন দায়?
মাঝে মধ্যে এক সেমিনার কথা,
হলেই বুঝি ঠিকমতো সব যায়?

ফসল তো আজ কীটনাশকে মাখা,
চাষের শেষে পুড়ছে গাছের গোড়া -
জীবনটাতো মৃত্যুমুখে রাখা,
কাজের মধ্যে নিজের কবর খোঁড়া!

উন্নয়নের স্বপ্ন সব-র প্রিয়
মরছে কেবল পথের পাশের গাছ-ই
পরিবেশের বদল? মেনে নিও,
সমস্যা কি? আজকে তো বেশ আছি!

এই পৃথিবী উষ্ণতর হলে,
গলবে বরফ, ভাসবে উপকূল -
সভ্যতা তো ডুববে সাগরজলে
তার আগে তো মানবে নিজের ভুল?

দেবাশিস চক্রবর্তী